**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 21-07-2025**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা বলেছেন, রাজ্যের শিক্ষা ব্যবস্থার উন্নয়নে রাজ্য সরকার বহুমুখী প্রকল্প গ্রহণ করেছে ।**

**(২) বিচারপতি মামিদান্না সত্যরত্ন শ্রী রামাচন্দ্র রাও আগামীকাল ত্রিপুরা হাইকোর্টের প্রধান বিচারপতি হিসেবে শপথ নেবেন ।**

**(৩) সংসদের বর্ষাকালীন অধিবেশন আজ শুরু হয়েছে ।**

**(৪) টি.এফ.এ পরিচালিত রাখাল শিল্ড নকআউট ফুটবল প্রতিযোগিতার ফাইনাল আগামীকাল অনুষ্ঠিত হবে।**

*******************************************

**CM :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা বলেছেন, রাজ্যের শিক্ষা ব্যবস্থার উন্নয়নে রাজ্য সরকার বহুমুখী প্রকল্প গ্রহণ করেছে। আজ আগরতলায় মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক পরীক্ষায় ১০০ শতাংশ উত্তীর্ণ ত্রিপুরা মধ্যশিক্ষা পর্ষদ ও সি.বি.এস.ই পরিচালিত বিদ্যালয়গুলিকে প্রশংসা জ্ঞাপন অনুষ্ঠানে তিনি একথা বলেন। তিনি বলেন, ১০০ শতাংশ সাফল্য অর্জন করে আত্মতুষ্টিতে ভুগলে চলবে না, আগামীদিনে রাজ্যের সমস্ত বিদ্যালয়ে শিক্ষার মান আরো উন্নত করার জন্য শিক্ষক শিক্ষিকাদের দায়িত্ব নিতে হবে। সরকার সব সময় গুণগত শিক্ষার উপর গুরুত্ব দিচ্ছে।

# # # # # # #Byte-CM# # # # # # #

মুখ্যমন্ত্রী বলেন, চলতি অর্থবছরে ৩০টি বিদ্যালয়ের জন্য ২৬৪ কোটি টাকা ব্যয় করে নতুন ভবন নির্মাণের পরিকল্পনা রয়েছে। তাছাড়া ভবিষ্যতে

সবগুলি জেলা ও মহকুমাতে বিজ্ঞান ও ইংরেজি বিষয়ে কোচিং ক্লাস গড়ে তোলারও জন্য শিক্ষা দপ্তর পরিকল্পনা নিয়েছে। শিক্ষা দপ্তরের বিশেষ সচিব রাভেল হেমেন্দ্র কুমার বলেন নতুন শিক্ষানীতির নির্দেশিকাগুলি রাজ্যের শিক্ষাক্ষেত্রে অগ্রগতির পক্ষে সহায়ক হবে। অনুষ্ঠানে ৫০টি বিদ্যালয়কে প্রশংসা জ্ঞাপন করা হয়।

******************************

**Oath Taking :**

বিচারপতি মামিদান্না সত্যরত্ন শ্রী রামাচন্দ্র রাও আগামীকাল ত্রিপুরা হাইকোর্টের প্রধান বিচারপতি হিসেবে শপথ নেবেন। রাজভবনে রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু প্রধান বিচারপতিকে শপথ বাক্য পাঠ করাবেন।

****************************

**Ratan Lal Nath-Bamutia :**

কৃষিমন্ত্রী রতন লাল নাথ আজ বামুটিয়ার তালতলায় বিনোদিনী চা বাগানে মেগা পাম অয়েল প্ল্যান্টেশন ড্রাইভ কর্মসূচির উদ্বোধন করেন। তিনি বলেন, রাজ্যের প্রতিটি মহকুমায় পামঅয়েলের নার্সারি তৈরি করা হয়েছে। উপস্থিত ছিলেন বামুটিয়া পঞ্চায়েত চেয়ারম্যান দীপক কুমার সিংহ, মোহনপুর পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান রাকেশ দেব।

**************************

**Pradip Datta Bhowmik :**

রাজ্যের বরিষ্ঠ সাংবাদিক তথা দৈনিক সংবাদ পত্রিকার বার্তা সম্পাদক প্রদীপ দত্ত ভৌমিকের শেষকৃত্য আজ বটতলা মহাশ্মশানে সম্পন্ন হয়েছে। আজ তার মরদেহ আগরতলায় এলে তাঁর বাড়িতে গিয়ে শ্রদ্ধা জানান মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা। পরে তার মৃতদেহ নিয়ে যাওয়া হয় তার কর্মস্থল দৈনিক সংবাদ কার্যালয়ে। সেখানে বিদ্যুৎ মন্ত্রী রতন লাল নাথ তাকে শ্রদ্ধা জানান। পরে আগরতলা প্রেসক্লাবে তাকে শ্রদ্ধা জানান পরিবহন মন্ত্রী সুশান্ত চৌধুরী, আগরতলা পুর নিগমের মেয়র দীপক

মজুমদার, আগরতলা প্রেসক্লাবের সভাপতি প্রণব সরকার সহ অন্যান্যরা। পরে একটি মিছিলের মাধ্যমে তার দেহ নিয়ে যাওয়া হয় বটতলা মহাশ্মশানে।

****************************

**Package Story-SWACHH SURVEKSHAN-2025 :**

পূর্ণাঙ্গ স্মার্ট শহরের স্বীকৃতি পেতে হলে পরিচ্ছন্নতার নির্ধারিত মান অতিক্রম করতে হয়। এজন্য স্বচ্ছ সর্বেক্ষণ বা পরিচ্ছন্নতা যাচাইয়ে নানারকম প্যারামিটার বা মানগত বিধিবদ্ধতাস্থির করা হয়েছে। কয়েকটি পর্যায়ে দেওয়া হচ্ছে মোট ৯,৫০০ নম্বরের ভিত্তিতে যাচাই পরীক্ষার নম্বর। সেই নিরিখে চলতি বছরেও সারা দেশে পরিচ্ছন্নতম শহরের মর্যাদা আরও একবার জিতে নিয়েছে মধ্যপ্রদেশের ইন্দোর। আগরতলায় সেই নিরিখে কি কি কাজ চলছে ? একটি প্রতিবেদন।

########VC#######

**************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

****************************

**PM, Parliament :**

সংসদের বর্ষাকালীন অধিবেশন আজ শুরু হয়েছে। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী অধিবেশন শুরুর আগে সংবাদমাধ্যকে বলেন, সংসদের বর্ষাকালীন অধিবেশন দেশের সম্মিলিত সাফল্যের প্রকৃত উদযাপন। তিনি বলেন অপারেশন সিন্দুরের সময় সমগ্র বিশ্ব ভারতের সামরিক শক্তি প্রত্যক্ষ করেছে। তিনি আশা প্রকাশ করেন যে এই অধিবেশন ফলপ্রসূ হবে এবং সমৃদ্ধ আলোচনায় পরিপূর্ণ হবে, যা দেশের গণতন্ত্রকে শক্তিশালী করবে। প্রধানমন্ত্রী বর্ষাকালীন অধিবেশনের সুষ্ঠু পরিচালনায় সকল দলের সাংসদদের সহযোগিতা করার জন্য অনুরোধ করেন।

প্রধানমন্ত্রী বলেন, বিশ্ব ভারতের সামরিক শক্তির শক্তি প্রত্যক্ষ করেছে। তিনি বলেন, অপারেশন সিন্দুরে ভারতীয় সৈন্যরা ১০০ শতাংশ সাফল্যের সঙ্গে তাদের লক্ষ্য অর্জন করেছে। তিনি বলেন, সেনাবাহিনী মাত্র ২২ মিনিটের মধ্যে তাদের লক্ষ্য পূরণ করেছে।

######Byte-PM-1######

তিনি বলেন, দলীয় সীমানার ঊর্ধ্বে উঠে এবং জাতির স্বার্থকে অগ্রাধিকার দিয়ে, বেশিরভাগ রাজনৈতিক দলের প্রতিনিধিরা বিভিন্ন দেশে ভ্রমণ করেছেন এবং আন্তর্জাতিক মঞ্চে পাকিস্তানের ভূমিকা উন্মোচন করার জন্য সম্মিলিতভাবে একটি অত্যন্ত কার্যকর প্রচারণা পরিচালনা করেছেন।

আন্তর্জাতিক মহাকাশ স্টেশনে প্রথমবারের মতো ভারতীয় ত্রিবর্ণ পতাকা উত্তোলনের ঐতিহাসিক মুহূর্তের কথা উল্লেখ করে প্রধানমন্ত্রী বলেন, "বর্তমান বর্ষাকালীন অধিবেশন জাতির জন্য অত্যন্ত গর্বের মুহূর্ত, এটি ভারতের বিজয় উদযাপনের প্রতিনিধিত্ব করে।

তিনি বলেন, এই সাফল্য সারা দেশে বিজ্ঞান, প্রযুক্তি এবং উদ্ভাবনের প্রতি নতুন উৎসাহ ও উদ্দীপনার সঞ্চার করেছে।

######Byte-PM-2######

প্রধানমন্ত্রী মোদী বলেন, ভারত সন্ত্রাসবাদ হোক বা নকশালবাদ, অনেক সহিংস চ্যালেঞ্জ মোকাবেলা করেছে, আজ নকশালবাদ ও মাওবাদের প্রভাব দ্রুত হ্রাস পাচ্ছে। তিনি বলেন, আজ দেশের অনেক জেলা নকশালবাদ থেকে মুক্ত। প্রতিরক্ষা ক্ষেত্রে চলমান গবেষণা ও উন্নয়ন অত্যন্ত প্রয়োজনীয় গতি পাবে বলে উল্লেখ করে শ্রী মোদী বলেন, এটি দেশের যুবসমাজের জন্য কর্মসংস্থান ও উদ্ভাবনের নতুন সুযোগ তৈরি করবে। তিনি বলেন, ডিজিটাল ভারত বিশ্বব্যাপী তরঙ্গ তৈরি করছে, অনেক দেশেই ইউপিআই জনপ্রিয়তা অর্জন করছে। প্রধানমন্ত্রী বলেন, আজ ভারত বিশ্বের তৃতীয় বৃহত্তম অর্থনীতিতে পরিণত হওয়ার দিকে দ্রুত গতিতে এগিয়ে চলেছে।

প্রধানমন্ত্রী বলেন, ভারতের ৯০ কোটিরও বেশি মানুষ এখন সামাজিক সুরক্ষার আওতায় এসেছেন। তিনি বলেন বিশ্ব স্বাস্থ্য সংস্থা কর্তৃক ভারতকে চোখের রোগ ট্র্যাকোমা মুক্ত ঘোষণা ভারতের জনস্বাস্থ্য প্রচেষ্টায় একটি গুরুত্বপূর্ণ মাইলফলক।

*****************************

**Loksabha :**

অপারেশন সিঁদুর নিয়ে আলোচনা সহ বিভিন্ন বিষয় নিয়ে বিরোধী সদস্যদের স্লোগানের মধ্যে আজ লোকসভা মুলতবি করা হয়। সভা শুরু হওয়ার পর বেলা ১২টায় প্রথম মুলতবির পর পুণরায় সভা শুরু হলে, কংগ্রেস, সমাজবাদী পার্টি, ডিএমকে এবং অন্যান্য বিরোধী সদস্যরা তাদের স্লোগান দিতে দিতে সভার ওয়েলে চলে আসেন।

বিরোধী সদস্যরা স্লোগান অব্যাহত রাখলে দুপুরে সংসদ মুলতবি করা হয়। এর আগে, সকাল ১১টায় লোকসভার অধিবেশন শুরু হলে, আটজন প্রাক্তন সদস্যকে শ্রদ্ধা জানানো হয়। পহেলগাম সন্ত্রাসী হামলা এবং আহমেদাবাদে এয়ার ইন্ডিয়ার বিমান দুর্ঘটনায় নিহতদের প্রতিও শ্রদ্ধা জানানো হয়। বিভিন্ন রাজ্যে প্রাকৃতিক দুর্যোগে প্রাণহানি ও সম্পত্তির ক্ষতির জন্যও শোক প্রকাশ করা হয়। লোকসভার অধ্যক্ষ ওম বিড়লা আন্তর্জাতিক মহাকাশ স্টেশনে সফল যাত্রার জন্য ISRO এবং গ্রুপ ক্যাপ্টেন শুভাংশু শুক্লাকে

অভিনন্দন জানান। তিনি বলেন, এই অর্জনের উপর সংসদে বিস্তারিত আলোচনা অনুষ্ঠিত হবে।

***************************

**Rajyasabha :**

রাজ্যসভার চেয়ারম্যান জগদীপ ধনখড় আজ সংসদের উচ্চকক্ষের দু'জন নির্বাচিত এবং তিনজন মনোনীত সদস্যকে শপথবাক্য পাঠ করান। নির্বাচিত দুই সদস্য হলেন আসাম থেকে অগপর বীরেন্দ্র প্রসাদ বৈশ্য এবং বিজেপির কণাদ পুরকায়স্থ। মনোনীত সদস্যরা হলেন ডঃ মীনাক্ষী জৈন, সি সদানন্দন মাস্টার এবং হর্ষ বর্ধন শ্রিংলা। রাজ্যসভায় আজ সম্প্রতি প্রয়াত সাতজন প্রাক্তন সদস্যদের প্রতি শ্রদ্ধা জানানো হয়।

***************************

**Bangladesh Air Craft crash :**

বাংলাদেশ বায়ুসেনার প্রশিক্ষণের কাজে ব্যবহৃত জেট বিমান দুর্ঘটনায় পাইলট সহ কমপক্ষে ১৯ জন নিহত এবং ১০০ জনেরও বেশি আহত হয়েছেন। ঢাকা থেকে আকাশবাণীর সংবাদদাতা জানিয়েছেন, বাংলাদেশ বিমান বাহিনীর একটি এফ-সেভেন বিমান আজ দুপুরে ঢাকার উত্তরায় মাইলস্টোন কলেজ প্রাঙ্গনে ভেঙে পড়লে এই মর্মান্তিক দুর্ঘটনাটি ঘটে। এই ঘটনার পরিপ্রেক্ষিতে বাংলাদেশ সরকার একদিনের রাষ্ট্রীয় শোক ঘোষণা করেছে।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এই ঘটনার গভীর শোক ব্যক্ত করে, শোকসন্তপ্ত পরিবার পরিজনদের প্রতি সমবেদনা জানান। তিনি আহতদের প্রতি দ্রুত আরোগ্য কামনা করেন।

***************************

**Rakhal Shield :**

টি.এফ.এ পরিচালিত রাখাল শিল্ড নকআউট ফুটবল প্রতিযোগিতার ফাইনাল আগামীকাল অনুষ্ঠিত হবে। ফাইনাল ম্যাচে ফরোয়ার্ড ক্লাব এবং ব্লাডমাউথ

ক্লাব পরস্পরের মুখোমুখি হবে। উমাকান্ত মিনি স্টেডিয়ামে সন্ধ্যে ৬টায় খেলা শুরু হবে।

*************************

**Weather :**

আগামী ২৪ ঘন্টায় দক্ষিণ জেলা, গোমতী ও সিপাহীজলা জেলাতে বজ্রবিদ্যুৎ সহ ভারী বৃষ্টিপাতের সম্ভাবনা জারি করেছে আবহাওয়া দপ্তর। আগামীকাল দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩৪ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৭ ডিগ্রি সেলসিয়াস এর কাছাকাছি থাকতে পারে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩৪.৩ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৭.২ ডিগ্রি সেলসিয়াস।

****************************